

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২১৩২ ২২/ নিষিদ্ধ কার্যাবলী পরিচ্ছেদঃ শয়তান, পশু ও কাফেরদের অনুকরণ করা নিষেধ

আরবী

عَنْ أَبِي وَاقِدِ اللَّيْتِيِّ أَنَّهُمْ خَرَجُوا عَنْ مَكَّةَ مَعَ رَسُولِ اللهِ عَلَيْ إِلَى حُنَيْنٍ قَالَ وَكَانَ لِلْكُفَّارِ سِدْرَةٌ يَعْكُفُونَ عِنْدَهَا وَيُعَلِّقُونَ بِهَا أَسْلِحَتَهُمْ يُقَالُ لَهَا ذَاتُ أَنْوَاطٍ قَالَ فَمَرَرْنَا بِسِدْرَةٍ خَضْرَاءَ عَظِيمَةٍ قَالَ فَقُلْنَا يَا رَسُولَ اللهِ اجْعَلْ لَنَا ذَاتَ أَنْوَاطٍ فَقَالَ رَسُولُ اللهِ عَلَيْ قُلْتُمْ وَالَّذِي نَفْسِي بِيَدِهِ كَمَا قَالَ قَوْمُ مُوسَى اِجْعَلْ لَنَا إِلَهًا كَمَا لَهُمْ آلِهَةً قَالَ إِنَّكُمْ قُومٌ تَجْهَلُونَ إِنَّهَا لَسُنَنٌ لَتَرْكَبُنَ سُنَنَ مَنْ كَانَ قَبْلَكُمْ سُنَةً سُنَةً سُنَةً سُنَةً

বাংলা

(২১৩২) আবু ওয়াকেদে আল-লাইষী বলেন, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে আমরা হুনাইনের পথে বের হলাম। তখন আমরা কুফরের নিকটবর্তী (সদ্য নও-মুসলিম) ছিলাম। মক্কা-বিজয়ের দিন মুসলিম হয়েছিলাম। (পথে) মুশরিকদের একটি কুল গাছ ছিল; যার নিকটে ওরা ধ্যানমগ্ন হত এবং (বর্কতের আশায়) তাদের অস্ত্র-শস্ত্রকে তাতে ঝুলিয়ে রাখত; যাকে 'যা-তে আনওয়াত্ব' বলা হত। সুতরাং একদা আমরা এক কুল গাছের পাশ দিয়ে অতিক্রম করলাম। (তা দেখে) আমরা বললাম, 'হে আল্লাহর রসূল! আমাদের জন্য একটি 'যা-তে আনওয়াত্ব' ক'রে দিন যেমন ওদের রয়েছে। (তা শুনে) তিনি বললেন, 'আল্লাহু আকবার! এটাই তো পথরাজি! যার হাতে আমার জীবন আছে তাঁর কসম! তোমরা সেই কথাই বললে, যে কথা বানী ইম্রাঈল মূসাকে বলেছিল, 'আমাদের জন্য একটা দেবতা গড়ে দিন, যেমন ওদের অনেক দেবতা রয়েছে!' মূসা বলেছিলেন, 'তোমরা মূর্খ জাতি।' অবশ্যই তোমরা একটা একটা ক'রে তোমাদের পূর্ববর্তী (জাতির) পথ অনুসরণ করবে।

ফুটনোট

(তিরমিয়ী ২১৮০, মুসনাদ আহমাদ ৫/২১৮ সানাদ সহীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ ওয়াকিদ আল-লায়সী (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন